

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬৮৬

জিরানীয়া, ১৬ নভেম্বর, ২০২৩

২১ নভেম্বর জিরানীয়া ব্লকভিত্তিক যুব উৎসব

জিরানীয়া ব্লকভিত্তিক যুব উৎসব আগামী ২১ নভেম্বর হরিজয় চৌধুরী গ্রাম পঞ্চায়েতের মাকুমাইকামী উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হবে। গত ১৪ নভেম্বর জিরানীয়া পঞ্চায়েত সমিতি হলে আয়োজিত এক প্রস্তুতি সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় উপস্থিত ছিলেন জিরানীয়া পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান প্রীতম দেবনাথ, জিরানীয়া ব্লকের বিডিও সমিতি কুমার দাস, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের আধিকারিক, তথ্য ও সংস্কৃতি দপ্তরের আধিকারিক সহ বিভিন্ন দপ্তরের আধিকারিক ও সাংস্কৃতিক সংস্থার প্রতিনিধিগণ। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, ব্লকভিত্তিক এই যুব উৎসবে ১৫ থেকে ২৯ বছর বয়সের যুবক যুবতীগণ বিভিন্ন বিষয়ে প্রতিযোগিতায় অংশ নিতে পারবে। যুব উৎসবকে সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে একটি পরিচালন কমিটি গঠন করা হয়েছে। জিরানীয়া পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান প্রীতম দেবনাথ ব্লকভিত্তিক যুব উৎসবকে সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সকলের সহযোগিতা কামনা করেছেন।
